

Workshop on Preparation for Accreditation: Documentation and Evidence

অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশনের অভিপ্রায় ব্যক্ত করায় গত ১৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কুমিল্লায় অনুষ্ঠিত হয়েছেঃ “Preparation for Accreditation: Documentation and Evidence” বিষয়ক কর্মশালা। কর্মশালার শুভেচ্ছা বক্তব্য রাখেন ইউনিভার্সিটির রেজিস্ট্রার লেঃ কর্ণেল খন্দকার মাহমুদ হোসেন, এসপিপি, পিএসসি (অবঃ) এবং আইকিউএসি’র পরিচালক অধ্যাপক ড. কে আহমেদ আলম। এছাড়া কর্মশালায় উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর, অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ এবং সহকারী পরিচালক জনাব সাবরিনা তাজনুর। কর্মশালার প্রথম পর্ব কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর এর সভাপতিত্বে এবং পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদের ধন্যবাদ প্রস্তাবের মাধ্যমে শেষ হয়। এছাড়া উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের, ট্রেজারার মহোদয়, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. এস. এম. কবীর। তিনি অ্যাক্রেডিটেশন পদ্ধতি এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন ডকুমেন্ট এবং প্রমাণক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালার প্রশ্নোত্তর পর্বে ইউনিভার্সিটির উপাচার্য, ডিন, আইকিউএসি’র পরিচালক, ছাত্র বিষয়ক উপদেষ্টা এবং সংশ্লিষ্ট শিক্ষকমন্ডলী অ্যাক্রেডিটেশন আবেদনের প্রস্তুতি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপক তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।







